২০০৯-২০১০ সালের কোন শিশুই পিছিয়ে থাকবে না (এনসিএলবি) কর্মসূচির পাবলিক স্কুল বাছাই প্রক্রিয়া

পিতামাতার তথ্য প্যাকেট

এই খামে যা আছে:

- প্রাসঙ্গিক চিঠি এবং আবেদনের বিধিমালা
- পিতামাতার তথ্য প্যাকেট
- বদলির আবেদনের ফরম
- ডাক-মাশুল পরিশোধকৃত, ঠিকানাযুক্ত খাম

২০০৯-২০১০ এর এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচি

পিতামাতার তথ্য প্যাকেট

সূচিপত্র

স্বাগতসম্ভাষণ এবং গুরুত্বপূর্ণ তারিখসমূহ........1

বাছাইকরণ........2

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

আবেদনপ্রক্রিয়া........4

স্কুলের দায়বদ্ধতা........5

পরিবহন ব্যবস্থা........6

বাড়তি তথ্যসূত্র: আমি কোথায় সহায়তা পেতে পারি?........7

আমাদের কাছে কি আপনার বর্তমান ঠিকানা এবং ফোন নম্বর আছে?
অনুগ্রহ করে সরাসরি সন্তানের স্কুলে আপনার ঠিকানা এবং ফোন নম্বর হালনাগাদ করুন।

২০০৯-২০১০ এর এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচিতে স্বাগতম

আপনার সন্তানের স্কুল নিউ ইয়র্ক স্টেট কর্তৃক প্রতিষ্ঠিত সাফল্যের মাপকাঠি অনুযায়ী টাইটেল ওয়ান উন্নতি আবশ্যক স্কুল (সিনি) অথবা নিবন্ধন পুনর্বিবেচনাধীন স্কুল (এসইউআরআর) হিশেবে চিহ্নিত হবার কারণে আপনার সন্তান কোন শিশুই পিছিয়ে থাকবে না (এনসিএলবি) পাবলিক স্কুল বাছাই কর্মসূচিতে অংশগ্রহণের যোগ্য বলে বিবেচিত হয়েছে। এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচি যোগ্য শিক্ষার্থীদের পিতামাতাকে সন্তানকে এমন স্কুলে বদলি করার সুযোগ দেয়, যে স্কুল সিনি এবং এসইউআরআর স্কুল হিশেবে চিহ্নিত নয়।

আপনার সন্তান অংশগ্রহণের যোগ্য কারণ সে:

- ✓ বর্তমানে টাইটেল ওয়ান উন্নতি আবশ্যক (সিনি) অথবা নিবন্ধন পুনর্বিবেচনাধীন (এসইউআরআর) স্কুলে পড়ছে এবং
- ✓ সে কে-৭ অথবা ৯-১১ গ্রেড-এ পড়ছে যা স্কুলের শেষ গ্রেড ***নয়***।

  উদাহরণস্বরূপ, কে-৫ গ্রেড পর্যন্ত আছে এমন স্কুলে পড়া কোন শিক্ষার্থী তার বর্তমান ৫ গ্রেড থেকে এই কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবে না কারণ সে তার স্কুলের শেষ গ্রেডে পড়ছে। কোন ৮ গ্রেডের শিক্ষার্থী এই কর্মসূচির যোগ্য ***নয়***। কেননা তারা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (এনওয়াইসিডিওই)-এর হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশ নেয়।

তার ফলে, আপনার সন্তানের জন্য দুটি বিকল্প খোলা আছে:

১) তার বর্তমান স্কুলে পড়াশুনা অব্যাহত রাখা

-অথবা-

২) সিনি এবং এসইউআরআর চিহ্নিত নয় এমন স্কুল যেখানে তার জন্য আসন খালি আছে সেখানে বদলির জন্য আবেদন করা

বদলির আবেদনের ফরমে (খামে অন্তর্ভুক্ত) এইসব স্কুলগুলো সরাসরি তালিকাভুক্ত আছে। আপনার সন্তানের জন্য উপযুক্ত স্কুলটি বেছে নেয়া একটি ফলপ্রসু অভিজ্ঞতা হতে পারে। সজ্ঞাত বাছাইয়ে আপনার সহায়তার জন্য যেসব উপকরণ প্রয়োজন সেগুলো এই প্যাকেটে দেয়া আছে।

গুরুত্বপূর্ণ তারিখসমূহ

তারিখ	***অনুষ্ঠান***
৬ - ১৪ মে, ২০০৯	পিতামাতা তথ্য-অধিবেশন (তারিখ এবং স্থান জানতে পরের পৃষ্ঠা দেখুন)
শুক্রবার, ২২ মে*	ডাকযোগে বদলির আবেদনের ফরম জমা দেবার শেষ দিন
জুনের শেষ দিকে	পিতামাতা/অভিভাবকের কাছে বদলির সিদ্ধান্তের চিঠি ডাকযোগে বাড়িতে পাঠানো হবে (শুধুমাত্র যেসব শিক্ষার্থী বদলির আবেদন জমা দিয়েছে তাদের জন্য)
জুলাইয়ের প্রথম দিকে**	বদলির প্রস্তাব গ্রহণ অথবা প্রত্যাখ্যান করে উত্তরদানের ফরম ডাকযোগে জমা দেবার শেষ তারিখ। (শুধুমাত্র যেসব শিক্ষার্থী বদলির প্রস্তাব পেয়েছে তাদের জন্য)
৮ সেপ্টেম্বর***	২০০৯-১০ স্কুল বছরের প্রথম দিন। যেসব শিক্ষার্থী ডাকযোগে তাদের বদলির প্রস্তাব গ্রহণের কথা জানিয়েছে তারা তাদের নতুন স্কুলে যোগদান শুরু করবে।

* আপনি যদি বদলির আবেদনের ফরম শেষ তারিখের মধ্যে জমা না দেন, তাহলে আমরা ধরে নেবো যে আপনি বদলির ব্যাপারে আগ্রহী নন। আপনার সন্তান তার বর্তমান স্কুলে থাকবে।

** আপনি যদি শেষ তারিখের মধ্যে উত্তর জানানোর ফরম জমা না দেন, আমরা ধরে নেবো আপনি বদলির প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন। আপনার সন্তান তার বর্তমান স্কুলে থাকবে।

*** চার্টার স্কুল ৮ সেপ্টেম্বর, ২০০৯-এর আগে শুরু হতে পারে। আপনার সন্তান যদি পাবলিক চার্টার স্কুলে বদলির সুযোগ পেয়ে থাকে, বদলির সিদ্ধান্তের চিঠিতে স্কুলের প্রথম দিনের তারিখ উল্লিখিত থাকবে।

বেছে নেয়া: আপনার সন্তানের জন্য সর্বোত্তম স্কুল (গুলো) বেছে নেয়ার ৩টি ধাপ

আপনার সন্তানের জন্য সঠিক স্কুলটি বেছে নেয়া ঝামেলাপূর্ণ মনে হতে পারে, কিন্তু এই ঝামেলা নেয়া সার্থক হবে এবং ডিপার্টমেন্ট অব এডুকেশন এ ব্যাপারে আপনাকে সহায়তা করতে পারে। বদলির আবেদনের ফরম পূরণ করার আগে নিচের তথ্যসমূহ পড়ুন।

১ম ধাপ: একটি পিতামাতা তথ্য-অধিবেশনে যোগ দিন:

একটি পিতামাতা তথ্য-অধিবেশনে অংশগ্রহনে আপনি আমন্ত্রিত। পাবলিক স্কুল বাছাই এবং তার আবেদন প্রক্রিয়া সম্পর্কে মূল্যবান তথ্য পেতে এটি আপনার প্রশ্ন করার বিশেষ সুযোগ। আমরা সকল পিতামাতাকে অংশগ্রহণে উৎসাহিত করি। হাল্কা খাবার পরিবেশন করা হবে।

বরো	*তারিখ*	*সময়*	*স্কুলের অবস্থান*	*ঠিকানা*
ব্রুকলিন	বৃহস্পতিবার, ১৪ মে, ২০০৯	সন্ধ্যা ৬-৮টা	Andries Hudde Junior High School	2500 Nostrand Avenue
ব্রুকলিন	সোমবার, ১১ মে, ২০০৯	সন্ধ্যা ৬-৮টা	Brooklyn Technical High School	29 Fort Greene Place
ব্রংক্স	মঙ্গলবার, ১২ মে, ২০০৯	সন্ধ্যা ৬-৮টা	Roosevelt Educational Campus	500 East Fordham Road
ব্রংক্স	বুধবার, ১৩ মে, ২০০৯	সন্ধ্যা ৬-৮টা	Roosevelt Educational Campus	500 East Fordham Road
ম্যানহ্যাটন	বুধবার, ১৩ মে, ২০০৯	সন্ধ্যা ৬-৮টা	Stuyvesant High School	345 Chambers Street
ম্যানহ্যাটন	বুধবার, ৬ মে, ২০০৯	সন্ধ্যা ৬-৮টা	Louis D. Brandeis High School	145 West 84th Street
কুইন্স	বুধবার, ৬ মে, ২০০৯	সন্ধ্যা ৬-৮টা	Aviation High School	45-30 36th Street
কুইন্স	বৃহস্পতিবার, ৭ মে, ২০০৯	সন্ধ্যা ৬-৮টা	John Adams High School	101-01 Rockaway Blvd

২য় ধাপ: আপনার সন্তান এবং পরিবারের কথা বিবেচনা করুন

বদলির আবেদনের ফরমের সাথে সংযুক্ত স্কুলের তালিকাটি আপনি যখন পর্যালোচনা করেন, তখন নিজেকে নিচের প্রশ্নগুলো করুন। এই প্রশ্নগুলোর উত্তর দেবার সময় বর্তমান স্কুলে আপনার সন্তানের অভিজ্ঞতাও বিবেচনা করুন।

আপনার সন্তানের চাহিদা এবং শিক্ষণের বৈশিষ্ট

- আপনার সন্তান কীভাবে সবচেয়ে ভালো শেখে? সে কি প্রতিকৃতি, ছবি এবং মানচিত্র ব্যবহার করে তথ্য সংগঠিত করে শেখে? সে কি সবচেয়ে ভালো শেখে পড়ে ও লিখে? সে কি হাতে-কলমে সবচেয়ে ভালো শেখে?
- আপনার সন্তানের কি আরও চ্যালেঞ্জধর্মী কাজ প্রয়োজন? তাকে কী আরও ব্যক্তিগত মনোযোগ দিতে হবে?
- আপনার সন্তানের কাজ শেষ করতে কি সাধারণত অতিরিক্ত সহায়তা অথবা বেশি সময়ের প্রয়োজন হয়?
- আপনার সন্তান কি দলবদ্ধভাবে শিখতে নাকি একা একা কাজ করতে পছন্দ করে?
- আপনি কি চান আপনার সন্তান এমন একটি স্কুল এবং কম্যুনিটিতে পড়ুক যা বড় এবং যেখানে অনেক প্রাতিষ্ঠানিক ও পাঠক্রম বহির্ভূত বিকল্প রয়েছে?
- আপনি কি চান আপনার সন্তান এমন একটি স্কুল এবং কম্যুনিটিতে পড়ুক যা ক্ষুদ্রায়তন যেখানে আপনি প্রায় সকল শিক্ষক এবং শিক্ষার্থীদেরকে চেনেন?

আপনার সন্তানের প্রতিদিনের যাতায়াত:

- আপনি কি চান আপনার সন্তান এমন একটি স্কুলে পড়ুক যেখানে বাড়ি থেকে হেঁটে যাওয়া যায়? বা আপনার কাজের জায়গা থেকেও?
- আপনার সন্তানকে কতদূর পর্যন্ত যেতে দিতে আপনি রাজি? আপনার সন্তান কি বাস, সাবওয়ে অথবা গাড়িতে যাবে?

৩য় ধাপ: অনুসন্ধান করুন

এই অংশে নিউ ইয়র্ক সিটির স্কুলসমূহ সম্পর্কে আরও জানতে আপনাকে সহায়তার জন্য কিছু উপকরণ ব্যাখ্যা করা হলো। আপনি যেসকল স্কুলের ব্যাপারে আগ্রহী সেগুলো সম্পর্কে সময় নিয়ে ভালোভাবে তথ্য সংগ্রহের জন্য আমরা আপনাকে পরামর্শ দিচ্ছি।

মনে রাখবেন, আপনি শুধু বদলির আবেদনের ফরমে তালিকাভুক্ত স্কুলগুলো থেকে একটি স্কুল বেছে নিতে পারেন

- ***নিউ ইয়র্ক সিটি স্কুল সমীক্ষাসমূহ (শিক্ষণ পরিবেশ সমীক্ষা)*** যেসব স্কুলগুলো ৬ গ্রেড থেকে ১২ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা দিয়ে থাকে, সেগুলোর শিক্ষক, পিতামাতা, এবং শিক্ষার্থীদের কাছ থেকে স্কুল সম্পর্কে তথ্য সংগ্রহ করে। সমীক্ষাগুলোতে নিচের বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকে: সুরক্ষা এবং মর্যাদা, প্রাতিষ্ঠানিক প্রত্যাশা, যোগাযোগ, এবং পিতামাতা, শিক্ষক ও শিক্ষার্থী সংশ্লিষ্টতা। কোন নির্দিষ্ট স্কুলের সমীক্ষার ফল পেতে, www.nyc.gov/schools/Accountability/SchoolReports ওয়েবসাইট দেখুন।

★ ***সার্ভে কোয়েস্ট*** একটি ***নতুন*** অনলাইন উপকরণ যা পিতামাতাদেরকে স্কুলের শিক্ষণ পরিবেশ সমীক্ষার ফল দেখা এবং সেগুলো অন্য স্কুলের ফলের সাথে তুলনা করার সুযোগ দেয়। দেখে নিন আপনি যেসব স্কুলের ব্যাপারে উৎসাহী সেগুলো আপনার সন্তানের বর্তমান স্কুলের তুলনায় কেমন। অনলাইনে www.nyc.gov/schools/surveys/quest ঠিকানায় সার্ভে কোয়েস্ট দেখুন।

- ***মান নিরীক্ষণ*** প্রতিটি স্কুলের পরিচিতি আরও গভীরভাবে দিয়ে থাকে যা অভিজ্ঞ শিক্ষাবিদ কর্তৃক ২-৩ দিন যাবত স্কুল পরিদর্শনের উপর ভিত্তি করে তৈরি হয় এবং ঐ পরিদর্শনকালে তারা পিতামাতা, শিক্ষার্থী এবং কর্মীদের কথা বলেন এবং ক্লাস পর্যবেক্ষণ করেন। স্কুল কত ভালোভাবে শিক্ষার্থীর কার্যসম্পাদনা, তার সাফল্যের অগ্রগতি, প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জন এবং কর্মী উন্নয়ন পরিকল্পনা মূল্যায়ন করে, মান নিরীক্ষণ সেটা নিধারণ করে। প্রত্যেকটি স্কুল একটি সার্বিক মান নিরীক্ষণের ফল পেয়ে থাকে যা অসাধারণ, ভালো পরিকল্পিত, দক্ষ, দক্ষতার বৈশিষ্ট্যসহ অসম্পূর্ণভাবে পরিকল্পিত অথবা সঠিক পরিকল্পিত নয় ইত্যাদি ফল পেয়ে থাকে। কোন নির্দিষ্ট স্কুলের মান নিরীক্ষণের ফল দেখতে, www.nyc.gov/schools/Accountability/SchoolReports ওয়েবসাইটে যান।:

- ***অগ্রগতির প্রতিবেদন*** একটি স্কুল কতো ভালো করছে সেটা বুঝতে আপনাকে সহায়তা করতে এবং অনুরূপ অন্যান স্কুলের সাথে স্কুলটির তুলনা করতে A, B, C, D, অথবা F গ্রেড প্রদান করে। শিক্ষণ পরিবেশ সমীক্ষা এবং মান পর্যালোচনার ফল ছাড়াও প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদনার উপাত্তও অগ্রগতির প্রতিবেদনে অন্তর্ভুক্ত থাকে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন অগ্রগতির প্রতিবেদন এবং কোন শিশুই পিছিয়ে থাকবে না কর্মসূচির দায়বদ্ধতার মাপকাঠি, উভয়ই স্টেট পরীক্ষার ফল বিবেচনা করে এবং উভয়টি একটি অপরটির সম্পূরক। অগ্রগতির প্রতিবেদন পেতে www.nyc.gov/schools/Accountability/SchoolReports ওয়েবসাইট দেখুন।

- ***স্কুল খুঁজে নিন*** নিউ ইয়র্ক সিটি ডিওই-এর ওয়েবসাইট থেকে। এই উপকরণটি পিতামাতাকে একটি নির্দিষ্ট স্কুল খুঁজে নেয়া এবং স্কুলটির ওয়েবপেজ-এ প্রবেশের সুযোগ দেয়। প্রত্যেকটি স্কুলের ওয়েবপেজ প্রাথমিক যোগাযোগ, ভৌগলিক অবস্থান, কর্মসূচির তথ্য ছাড়াও স্কুলের প্রতিবেদন এবং পরিসংখ্যান দেখার সুযোগ দেয়। স্কুল সম্পর্কে আরও তথ্যের জন্য অথবা স্কুল পরিদর্শনের পরিকল্পনা সম্পর্কিত অনুসন্ধানের জন্য স্কুলের সাথে যোগাযোগ করুন। ***স্কুল খুঁজে নিন*** সূত্রটি এনওয়াইসিডিওই-এর হোম পেজ www.nyc.gov/schools -এ পাওয়া যাবে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি: আবেদনের প্রক্রিয়া

আমি কীভাবে এনসিএলবি পাবলিক স্কুলে বদলির আবেদন করতে পারি?
আপনি অবশ্যই বদলির আবেদনের ফরম (এই প্যাকেটে অন্তর্ভুক্ত আছে) ২২ মে, ২০০৯ আগে ডাকযোগে জমা দেবেন। আপনি যেসব স্কুলসমূহ বেছে নিতে পারেন সেগুলো বদলির আবেদনের ফরমে তালিকাভুক্ত আছে। স্কুল বাছাই করে চিহ্নিত করার আগে ভালোভাবে নির্দেশাবলি পড়ুন। তালিকাভুক্ত স্কুলগুলো "***গ্রহণকারী স্কুল*** " কেননা ওগুলো সিনি বা এসইউআরআর তালিকায় নেই।

➡ ***মনে রাখবেন, আপনি শুধুমাত্র সেইসব স্কুলে আবেদন করতে পারবেন যা আবেদনপত্রে তালিকাভুক্ত আছে।***

এটি কি বাধ্যতামূলক কর্মসূচি?
না, আপনাকে আপনার সন্তানের বদলির আবেদনের সুয়োগ দেয়া হচ্ছে। আপনি যদি আপনার সন্তানকে তার বর্তমান স্কুলে রাখতে চান, বদলির আবেদনের ফরমে "বদলির আবেদন" অংশে, " না, আমি বদলির আবেদন করতে চাই না" চিহ্নিত করুন।

আমি কি বাছাইকৃত স্কুলসমূহকে অগ্রাধিকারের ভিত্তিতে তালিকাভুক্ত করতে পারি?
না, আবেদনে কোন অগ্রাধিকার উল্লেখের সুযোগ নেই। আপনার সন্তানকে আপনি যেসব স্কুল বাছাই করেছেন তার যেকোন একটির সাথে মানানসই করা হতে পারে, সুতরাং আপনি যে স্কুলগুলোতে আপনার সন্তানকে পড়তে দিতে আগ্রহী শুধু সেগুলো চিহ্নিত করুন। আপনি যে স্কুলগুলো বেছে নিয়েছেন তার যেকোন একটিতে আপনার সন্তানকে বদলির প্রস্তাব দেয়া হতে পারে।

আমার সন্তানকে কীভাবে স্কুলের সাথে মানানসই করা হবে?
কোন শিশুই পিছিয়ে থাকবে না আইন অনুয়ায়ী শিক্ষার্থীদের মানানসই করা হয় যা সর্বনিম্ন সফল এবং সর্বনিম্ন আয়ের শিক্ষার্থীদেরকে প্রথম অগ্রাধিকারের শর্ত আরোপ করে।

আমাকে বদলি দেয়া হবে এমন নিশ্চয়তা আছে কি?
না, প্রতিটি স্কুলে সীমিত সংখ্যক খালি আসন রয়েছে।

আমাকে যদি বদলির সুযোগ দেয়া হয়, তা কি আমাকে গ্রহণ করতেই হবে?
না, আপনি তা গ্রহণ নাও করতে পারেন। বদলির উত্তর জানাবার ফরমে, অনুগ্রহ করে আপনি বদলির প্রস্তাব প্রত্যাখ্যান করছেন তা উল্লেখ করুন।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি: স্কুলের দায়বদ্ধতা

আমার সন্তানের স্কুল কেন "উন্নতি আবশ্যক স্কুল" হিশেবে চিহ্নিত হয়েছে?
ফেডারেল কোন শিশুই পিছিয়ে থাকবে না আইন প্রত্যেক স্টেটকে একটি উঁচু প্রাতিষ্ঠানিক মান এবং বার্ষিক সাফল্যের লক্ষ্য নির্ধারণ করে দেয়। প্রতি বছর স্কুল ডিস্ট্রিক্ট এবং স্কুলগুলোকে এই লক্ষ্য পূরণে পর্যাপ্ত বার্ষিক অগ্রগতি সাধন করে কার্যসম্পাদনার সর্বনিম্ন স্তর অবশ্যই অর্জন করতে হবে। টাইটেল ওয়ানে, যেসব স্কুল ন্যূনতম দুই বছরের জন্য পর্যাপ্ত বার্ষিক অগ্রগতির লক্ষ্যে ইংরেজি ভাষা শৈলী (ইএলএ), গণিত, বিজ্ঞান এবং/অথবা হাই স্কুল গ্রাজুয়েশনের হার পূরণে ব্যর্থ হয়, সেইসব স্কুলগুলো স্টেটের উন্নতি আবশ্যক স্কুল (সিনি) তালিকায় অন্তর্ভুক্ত হয়।

যদিও কিছু উন্নতি আবশ্যক স্কুল অনেক শিক্ষার্থীদের জন্য ভালো ফল অর্জন করেছে কিন্তু তারা সকল শিক্ষার্থীর জন্য পর্যাপ্ত উন্নতি লাভ করতে পারেনি। অন্য যে কারণে স্কুলসমূহ সিনি তালিকাভুক্ত হয় তা হলো স্টেটের আবশ্যিক পরীক্ষায় অপর্যাপ্ত সংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণ।

আমার সন্তানের স্কুল কেন "নিবন্ধন পুনর্বিবেচনাধীন স্কুল" হিশেবে চিহ্নিত হয়েছে?
প্রত্যেক বছর নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট স্টেটের মান অর্জনে যেসব স্কুল অনেক পিছিয়ে আছে এবং যেগুলো সর্বোচ্চ উন্নতি আবশ্যক স্কুল হিশেবে চিহ্নিত, সেগুলোকে "নিবন্ধন পুনর্বিবেচনাধীন স্কুল (এসইউআরআর)"-এর অন্তর্ভুক্ত করে। যেসব স্কুল "নিবন্ধন পুনর্বিবেচনাধীন স্কুল" হিশেবে চিহ্নিত হয় সেগুলো স্টেটের বাধ্যতামূলক হস্তক্ষেপের অধীনে আসে এবং তাদেরকে তিন বছরের মধ্যে নির্ধারিত উন্নতির লক্ষ্য অবশ্যই পূরণ করতে হয়। এই লক্ষ্য পূরণে যেসব এসইউআরআর স্কুল ব্যর্থ হয় সেগুলো বন্ধ হয়ে যেতে পারে।

যদি আমার সন্তান নতুন স্কুলে বদলি হয়, তাহলে তার সম্পূরক শিক্ষা পরিষেবা (এসইএস) পাওয়া অব্যাহত থাকবে কি?
না, যেসব শিক্ষার্থী বর্তমানে এসইএস পাবার যোগ্য তারা তাদের বর্তমান স্কুলে থাকলেই শুধু তা পাবার যোগ্যতা অব্যাহত থাকবে। আপনি যদি এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচির মাধ্যমে আপনার সন্তানকে ভিন্ন স্কুলে বদলি করেন, আপনার সন্তান এসইএস-এ ভর্তির যোগ্য বলে আব বিবেচিত হবে না কারণ সে টাইটেল ওয়ান সিনি স্কুলে পড়ছে না। এসইএস সম্পর্কে আরও জানতে আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি: পরিবহন ব্যবস্থা

আমার সন্তান কি পরিবহন পাবে?

হ্যাঁ, আপনার সন্তান পরিবহন সুবিধা পাবে। এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচির অধীনে যেসব শিক্ষার্থী ভিন্ন স্কুলে বদলি হবে তারা ঐ স্কুলের শেষ গ্রেড পর্যন্ত পরিবহন সুবিধা পাবে। অনুগ্রহ করে এনসিএলবিতে বদলি হওয়া শিক্ষার্থীদের জন্য এনওয়াইসিডিওই-এর পরিবহন নির্দেশিকা নিচের চার্ট দেখুন:

<table>
<tr><th>হাঁটার দূরত্ব: বাড়ি থেকে স্কুল</th><th>গ্রেড কে থেকে ২</th><th>গ্রেড ৩ থেকে ৬</th><th>গ্রেড ৭ থেকে ১২</th></tr>
<tr><td>আধা মাইলের কম</td><td>পূর্ণ ভাড়ার মেট্রোকার্ড</td><td rowspan="2">পূর্ণ ভাড়ার মেট্রোকার্ড</td><td rowspan="4">পূর্ণ ভাড়ার মেট্রোকার্ড</td></tr>
<tr><td>আধা মাইলের বেশি, এক মাইলের কম</td><td rowspan="3">হলুদ স্কুল বাস</td></tr>
<tr><td>এক মাইলের বেশি, দেড় মাইলের কম</td><td rowspan="2">হলুদ স্কুল বাস</td></tr>
<tr><td>আধা মাইল অথবা বেশি</td></tr>
</table>

দ্রষ্টব্য: সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের জন্য পরিবহন সুবিধার যোগ্যতা অব্যাহত থাকা নির্ভর করে গ্রেড স্তর এবং নতুন স্কুলের দূরত্বের উপর। যেমন ২ গ্রেডের কোন শিক্ষার্থী যদি এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচির মাধ্যমে বদলি নেয় এবং সে যদি তার নতুন স্কুল থেকে আধা মাইলের বেশি কিন্তু এক মাইলের কম দূরত্বে বাস করে তাহলে সে সাধারণ শিক্ষা পরিবহন (হলুদ বাস) পরিষেবা পাবার যোগ্য। যখন এই শিক্ষার্থীটি ৩ গ্রেড শুরু করবে, তখন সে পাবলিক পরিবহনের জন্য ফ্রি মেট্রোকার্ডের যোগ্য বলে বিবেচিত হবে।

এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচির মাধ্যমে যেসব বিশেষ শিক্ষার শিক্ষার্থী অন্য স্কুলে ভর্তি হবে তারা তাদের ব্যক্তিক শিক্ষা কর্মসূচি অনুযায়ী ডোর-টু-ডোর বাধ্যতামূলক পরিবহন সুবিধা পাওয়া অব্যাহত থাকবে।

আমি যদি আমার সন্তানের বদলি গ্রহণ করি, তাহলে কখন আমাকে পরিবহন ব্যবস্থা সম্পর্কে জানানো হবে?

আপনি যদি আপনার বদলির প্রস্তাব গ্রহণ করেন, তাহলে হলুদ বাসের তথ্যের জন্য অগাস্ট মাসের শেষ সপ্তাহ নাগাদ অফিস অব পিউপল ট্র্যান্সপোর্টেশনের (ওপিটি) সাথে যোগাযোগ করুন। ওপিটির সাথে যোগাযোগের তথ্য নিচে উল্লেখ করা আছে। যদি আপনার সন্তান মেট্রোকার্ড পায়, স্কুল বছরের শুরুতে স্কুল থেকে তা বিতরণ করা হবে। শেষ সময়সীমার মধ্যে আপনার উত্তর জানাবার ফরম ফেরত দিলে, ওপিটি সময়মত বাসের যোগ্যতার সময়সূচি তৈরি করতে সক্ষম হবে।

এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচির মাধ্যমে আমার সন্তান বদলি হবার পর আমরা ঠিকানা বদল করে অন্যত্র চলে গেলে কী হবে?

এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচির মাধ্যমে আপনার সন্তান অন্য স্কুলে ভর্তি হওয়ার পর যদি আপনার পরিবার অন্যত্র চলে যায়, তাহলেও আপনার সন্তান তার ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি) অনুযায়ী পবিবহন সুবিধা পেতে থাকবে।

আমার সন্তান এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচিতে বদলি হওয়া স্কুল ত্যাগ করলে কী হবে?

এনসিএলবির অধীনে দেয়া সাধারণ শিক্ষার পবিবহন সুবিধার কোন নিশ্চয়তা নেই। যদি শিক্ষার্থী স্কুল ত্যাগ করে, বর্তমান এনওয়াইসিডিওই-এর পরিবহন নির্দেশিকা অনুযায়ী বাস পাবার যোগ্যতা নির্ধারিত হবে।

পরিবহন সংক্রান্ত অতিরিক্ত তথ্যের জন্য অফিস অব পিউপিল ট্র্যান্সপোর্টেশনের পরিষেবার গ্রাহক প্রতিনিধির সাথে (718) 392-8855 নম্বরে যোগাযোগ অথবা ওপিটি-এর ওয়েবসাইট www.nyc.gov/schools/Offices/Transportation দেখুন।

বাড়তি তথ্যসূত্র: আমি কোথায় সহায়তা পেতে পারি?

প্যারেন্ট কোঅর্ডিনেটর তথ্যলাভের একটি মূল্যবান সূত্র। আপনি আপনার স্কুলের ফোন নম্বর এনওয়াইসিডিওই ওয়েবসাইটে http://schools.nyc.gov অথবা 311 নম্বরে ফোন করে পেতে পারেন।

পাবলিক স্কুল বাছাই টিম অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট–এ কাজ করে এবং তারা এনসিএলবি পাবলিক স্কুল বাছাই কর্মসূচি বাস্তবায়নের জন্য দায়ী। আমরা এখানে আপনার প্রশ্নের উত্তর দেবার জন্য এবং এই প্রক্রিয়ার প্রত্যেক স্তরে আপনার প্রয়োজনীয় তথ্য দিয়ে আপনাকে নিশ্চিত করতে প্রস্তুত আছি ।

আমাদেরকে (212) 374-5431 নম্বরে ফোন করুন।
NCLB_PSC@schools.nyc.gov ঠিকানায় আমাদেরকে ইমেইল করুন।
অথবা ইন্টারনেটে www.nyc.gov/schools/ChoicesEnrollment/ChangingSchools ঠিকানায় আমাদেরকে খোঁজ করুন।

ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট পিতামাতাদেরকে তথ্যে দিয়ে সহায়তা করা এবং সন্তানের শিক্ষায় পিতামাতাদের সক্রিয় অংশীদার বানানোর জন্য দায়বদ্ধ। বদলির আবেদনের ফরমের প্রথম পৃষ্ঠায় যোগাযোগের তথ্য দেয়া আছে।

বরো এনরোলমেন্ট অফিস ভর্তি, স্কুলের কাজ, বদলি, এবং ভর্তি প্রক্রিয়ায় সহায়তা বিষয়সমূহ পরিচালনা করে। বদলির আবেদনের ফরমের প্রথম পৃষ্ঠায় যোগাযোগের তথ্য দেয়া আছে।